আটপাড়া উপজেলা পরিষদ কার্যালয়
উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।

## আটপাড়া উপজেলা পরিষদের নভেম্বর/২০২২ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ খায়রুল ইসলাম<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার তারিখ | : | ২৪ নভেম্বর ২০২২ খ্রিঃ |
| সভার সময় | : | বেলা : ১১.০০ ঘটিকা। |

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর স্বাগত বক্তব্যসহ সভার কার্যক্রম পরিচালনা করার জন্য জনাব মোঃ শাকিল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা-কে অনুরোধ করেন। চেয়ারম্যান মহোদয়ের অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদের অক্টোবর ২০২২ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

**০১। বিভাগীয় আলোচনা :**

| ক্র: নং | বিভাগীয় আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, টিকা প্রদান কর্মসূচি এবং বিভিন্ন সেবা কার্যক্রম ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে ও বিভিন্ন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের অবগত করে বাস্তবায়ন করা হবে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ইউপি চেয়ারম্যানগণের সাথে সমন্বয়ের মাধ্যমে টিকা প্রদান কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা |
| ০২. | **উপজেলা স্বাস্থ্য ও প: প: বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, কোভিড-১৯ এর টিকা কার্যক্রম চলমান রয়েছে। অক্টোবর/২০২২ মাসে কোভিড-১৯ কোন রোগী সনাক্ত নেই ও চিকিৎসাধীন কোন রোগী নেই। অক্টোবর/২০২২ মাসে ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা ০১ জন এবং চিকিৎসাধীন কোন রোগী নেই। এ উপজেলায় ৫-১১ বছর বয়সী শিশুদের ভ্যাকসিন নেওয়া হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ডেঙ্গু আক্রান্ত রোগীদের যথাযথ চিকিৎসার ব্যবস্থা গ্রহণ করার জন্য এবং সরকারী নির্দেশনা মতে করোনার টিকা প্রদান করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ০৩. | **কৃষি বিভাগ:**<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে রোপা আমন মৌসুমে রোপা আমনের বাম্পার ফলন হয়েছে। তেলের আবাদ বাড়ানোর জন্য সরিষা প্রণোদনা বিতরণ করা হয়েছে। গম ও ভুট্টার আবাদ বাড়ানোর জন্য ২০০ জনের মধ্যে গম এবং ৮০ জনের মধ্যে ভুট্টা প্রণোদনা বিতরণ করা হয়েছে। এছাড়া ১০ জনের মধ্যে পিঁয়াজ, ১০ জনের মধ্যে মসুর ও ১০ জনের মধ্যে মুগ বিতরণ করা হবে। আসন্ন বোরো মৌসুমের বোরো আবাদ বাড়ানোর জন্য ৬৪০০ জনের মধ্যে বোরো ধানের প্রনোদনা বিতরণ করা হবে। | ১. সার ও বীজ মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে।<br>২. কৃষি প্রনোদনা কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা কৃষি অফিসার আটপাড়া, নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| ০৪. | **ত্রাণ ও দুর্যোগ বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, কাবিটা, কাবিখা, টিআর ও অতি দরিদ্রদের কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) এর প্রকল্প তালিকা ইউপি চেয়ারম্যান কর্তৃক দাখিল করার পর অনুমোদনের জন্য জেলায় প্রেরণ করা হয় এবং তা অনুমোদিত হওয়ায় ইউপি চেয়ারম্যানগণকে প্রকল্পের কাজ দ্রুত করার জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ইউপি চেয়ারম্যানগণ দ্রুত কাবিটা, কাবিখা, টিআর এবং ইজিপিপি এর প্রকল্প কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া,নেত্রকোণা। |
| ০৫. | **প্রাথমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া জানান যে, নতুন বছরে প্রাপ্ত বই রাখার জন্য নির্ধারিত কোন গোডাউন না থাকায় বানিয়াজান মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একটি কক্ষে বই রাখা হতো। কিন্তু উক্ত বিদ্যালয়ের পাঠদানের ক্ষেত্রে অসুবিধা হয়। তাই বই রাখার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানিয়েছেন। এছাড়া সংসদীয় স্থায়ী কমিটির সিদ্ধান্ত মোতাবেক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অবৈধ স্থাপনা উচ্ছেদের জন্য অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | (১) বিদ্যালয়সমূহে নিয়মিত ভিজিট অব্যাহত রাখতে হবে।<br>(২) নতুন বছরের প্রাপ্ত বই নির্ধারিত জায়গায় রাখার ব্যবস্থা করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অবৈধ স্থাপনা উচ্ছেদের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৬. | **সমাজ সেবা বিভাগ:**<br>উপজেলা সমাজ সেবা অফিসার, আটপাড়া জানান যে, প্রতিবন্ধী শনাক্তকরণ কার্যক্রম চলমান রয়েছে। যে সকল প্রতিবন্ধী ব্যক্তি ভাতা প্রাপ্তির জন্য আবেদন করেছেন তাদের যাছাই কার্যক্রম সম্পন্ন হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে সকল উপকারভোগীর প্রথম কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। অত্র উপজেলার প্রতিবন্ধী ভাতা পাওয়ার জন্য আবেদনকারী ব্যক্তিদের যাচাই কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে প্রকৃত প্রতিবন্ধীকে নির্বাচিত করতে হবে। এবং সরকারি ভাতা প্রাপ্তিতে যেন কোন জটিলতা সৃষ্টি না হয় সে বিষয়ে সজাগ থাকতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৭. | **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদ কার্যালয়ের সামনে বাউন্ডারী ওয়াল রং করণ এবং উপজেলা পরিষদের জীপগাড়ির গেরেজ মেরামত করা প্রয়োজন। উক্ত প্রকল্প গ্রহণপূর্বক উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ব্যয় করার জন্য উপজেলা পরিষদ সমন্বয় সভার সিদ্ধান্ত করার জন্য তিনি অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদ কার্যালয়ের সামনে বাউন্ডারী ওয়াল রং করণ এবং উপজেলা পরিষদের জীপগাড়ির গেরেজ মেরামত করার জন্য প্রকল্প গ্রহণপূর্বক উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা। |
| ০৮. | **সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া জানান যে, আশ্রয়ন প্রকল্প থেকে অক্টোবর/২০২২ মাসে ৩৭০০/- টাকা ঋণ আদায় করা হয়েছে। নিরীক্ষা ফি বাবদ ২,৪১০/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৭২১/- টাকা আদায় করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম জোড়দার করতে হবে। | উপজেলা সমবায় অফিসার আটপাড়া, নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| ০৯. | **যুব উন্নয়ন অধিদপ্তর:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, প্রাতিষ্ঠানিক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণের আবেদনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবগত করা হয়েছে। তিনি ঋণ আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার আটপাড়া,নেত্রকোণা। |
| ১০. | **পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১১. | **পল্লী উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ এবং আদায় কার্যক্রম অব্যহত রয়েছে। অপ্রধান শস্য উন্নয়ন কর্মসূচির আওতায় ৬০ জন সদস্যর মধ্যে বিনামূল্যে ২ কেজি করে ১২০ কেজি সরিষা বীজ বিতরণ করা হয়েছে। আগামী মাসে ৮০ জনের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম জোড়দার করতে হবে এবং উপযুক্ত প্রশিক্ষনার্থী বাছাইপূর্বক প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা। |
| ১২. | **মৎস্য বিভাগ:**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা |
| ১৩. | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা:**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩ সনের বিনামূল্যের পাঠ্যপুস্তক এ পর্যন্ত মাধ্যমিক স্কুলের ৭৮,৫০০ টি বই এবং মাদরাসার দাখিল পর্যায়ের ৭০০ বই পাওয়া যায়। চাহিদার বিপরীতে মোট প্রাপ্তির হার ৪২%। উপজেলা প্রমোট হোস্টেলের নীচ তলায় প্রাপ্ত বই সংরক্ষণ করা হয়েছে। | যথাযথ নিরাপত্তার সাথে পাঠ্যপুস্তক সংরক্ষনের ও বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১৪. | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা:**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা ভিডব্লিউবি'র কার্যক্রম আবেদনের সময়সীমা ২৫ নভেম্বর ২০২২ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত। পরবর্তী কার্যক্রম ওয়ার্ড ভিডব্লিউবি কমিটি কর্তৃক আবেদনকারীদের তথ্য যাচাই ও সুপারিশ ছক-২ এর কপি প্রিন্ট আউট কপি স্বাক্ষরসহ ২৭.১১.২০২২ হতে ০৪.১২.২২ খ্রিঃ তারিখের মধ্যে পাঠাতে হবে। ইহা ইউনিয়ন ও ওয়ার্ড কমিটি বাস্তবায়ন করবেন। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ভিডব্লিউবি'র কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ১৫. | **উপজেলা খাদ্য বিভাগ:**<br>উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | খাদ্যবান্ধব কর্মসূচীর আওতায় ডিজিটাল তালিকা প্রণয়নের কাজ সঠিক সময়ে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা খাদ্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা।<br>২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), আটপাড়া, নেত্রকোণা |

| | | | |
|---|---|---|---|
| ১৬. | **উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য জানান যে, তার বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) আটপাড়া, নেত্রকোণা। |
| ১৭. | **বিদ্যুৎ বিভাগ, আটপাড়া**<br>সহকারী জেনারেল ম্যানেজার সভায় জানান যে, তার বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী জেনারেল ম্যানেজার, আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা। |

৩ (১)চেয়ারম্যান, স্বরমুশিয়া ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

৩ (২)চেয়ারম্যান, শুনই ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, তার ইউনিয়নে মনসুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সরকারি জায়গায় এলাকার লোকজন প্রভাব বিস্তার করে অবৈধভাবে জায়গা দখল করে রেখেছে, সরকারি জায়গা হতে অবৈধ দখলদারকে উচ্ছেদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান। তিনি আরোও বলেন যে, মনসুরপুর কমিউনিটি ক্লিনিকে মাটি ভরাট করা হয়েছে, তবে সেখানে সুপেয় পানির কোন ব্যবস্থা নেই, জরুরী ভিত্তিতে পানির ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান। এছাড়া মল্লিকপুর শুনই কমিউনিটি ক্লিনিকে লোক যাতায়াত করতে পারছেন না। জরুরীভিত্তিতে রাস্তা মেরামত করার জন্য অনুরোধ জানান।

৩(৩)চেয়ারম্যান, দুওজ ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, অন্যান্য উপজেলার চেয়ে আটপাড়া উপজেলায় গবাদী পশু ও হাস মুরগী খামারের সংখ্যা কম, এ উপজেলায় খামারের হার বৃদ্ধি করার জন্য তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান। তিনি বলেন যে, শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের ঝড়েপড়া রোধকল্পে নিয়মিত মা সমাবেশ ও অভিভাবক সমাবেশ করতে হবে। এছাড়া প্রতিবন্ধী ভাতা প্রদানের ক্ষেত্রে প্রকৃত প্রতিবন্ধীরা যাতে কার্ড সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান। চলমান এইচএসসি ও সমমানের পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হওয়ার জন্য তিনি কর্তৃপক্ষকে অনুরোধ জানান। এছাড়া তার ইউনিয়নে দুওজ বাজার ও ইউনিয়ন পরিষদের সামনের রাস্তার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি উপজেলা প্রকৌশলী, আটপাড়াকে অনুরোধ জানান।

৩ (৪)চেয়ারম্যান, লুনেশ্বর ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, তার ইউনিয়নে দেওগাঁও মাইজপাড়া হতে বামুন্দি পর্যন্ত যে রাস্তাটি হচ্ছে তার উত্তর পাশে হাওড় এলাকা এবং দক্ষিণ পাশে পুকুর আর পুকুর। উক্ত রাস্তাটির উভয় পাশে প্রটেকশন ওয়াল নির্মাণ করা না হলে রাস্তাটি ভেঙ্গে পড়বে। তাই রাস্তাটির উভয় পাশে প্রটেকশন ওয়াল নির্মাণ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান। তিনি বলেন যে, তার ইউনিয়ন পরিষদ কার্যালয়ের পাশে ৬০*১২ জায়গা রয়েছে, সেখানে একটি মার্কেট করলে ইউনিয়ন পরিষদের নিজস্ব আয় হতো, এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান। এছাড়া তিনি বলেন যে, বঙ্গবন্ধু জানা এবং বঙ্গবন্ধুর ইতিহাসকে জানার জন্য প্রত্যেক ইউনিয়ন পরিষদ কার্যালয়ে সরকারি অর্থায়নে একটি লাইব্রেরি করা উচিত। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি অনুরোধ জানান।

৩ (৫)চেয়ারম্যান, বানিয়াজান ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন। তার ইউনিয়নে ভূমি অফিস সংলগ্ন কাচারী বাড়ি জামে মসজিদের সংযোগ সড়ক নির্মাণের জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে প্রকল্প গ্রহণ করার জন্য তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। তিনি বলেন যে, অত্র উপজেলার ০৭টি ইউনিয়নে যে সমস্ত রাস্তাগুলোর টেন্ডার হয়েছে, তা দ্রুত গতিতে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান। এছাড়া আটপাড়া-নেত্রকোণা রাস্তায় আটিকান্দা গ্রামে রাস্তার পাশে প্যালাসাইডিং করার জন্যও তিনি অনুরোধ জানান। সবশেষে তিনি আটপাড়া উপজেলাকে একটি মডেল উপজেলায় রুপান্তরিত করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

৩ (৬)চেয়ারম্যান, তেলিগাতী ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, তার ইউনিয়নে UTMIDP প্রকল্পের আওতায় তেলিগাতী বাজারের আভ্যন্তরীন তিনটি সড়ক উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত প্রকল্পসমূহ জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য তিনি অনুরোধ জানান। এছাড়া তেলিগাতী বাজারের সবজি মহাল রাস্তার উপরে বসে, এ বিষয়ে জরুরীভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান।

৩ (৭)চেয়ারম্যান, সুখারী ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

৫। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

৬। উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন। তিনি অত্র উপজেলায় এইচ.এস.সি ও সমমানের পরীক্ষা/২০২২ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে সম্পন্নের নিমিত্ত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরোও বলেন যে, আসন্ন বোরো মৌসুমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ নিশ্চিত করা এবং যারা সেচ কার্যে নতুন সংযোগের অনুমোদন পেয়েছে, তাদের ক্ষেত্রে অগ্রাধিকার ভিত্তিতে সংযোগ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান। এছাড়া সকল বিভাগের সরকারি দায়িত্ব যথাযথভাবে পালন করার জন্য আহবান জানান।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন। তিনি বলেন যে, শিক্ষার মান উন্নয়নে প্রতিটি বিদ্যালয়ে নিয়মিত মা সমাবেশসহ অন্যান্য কার্যক্রম যথাযথভাবে পালন করা উচিত এবং এ বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। উপজেলা প্রাণি সম্পদ কার্যালয়ের সেবার পরিধি ইউনিয়ন পর্যায়ে নেয়ার জন্য এবং ইউপি চেয়ারম্যানগণকে সম্পৃক্ত করার জন্য তিনি উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জনান। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নে এলাকাভিত্তিক চাহিদা অনুযায়ী কৃষি প্রণোদনা বিতরণ ক্ষেত্রে ইউপি চেয়ারম্যান ও ইউপি মেম্বারগণকে সম্পৃক্ত করে কৃষি ক্ষেত্রে বিপ্লব ঘটানোর জন্য তিনি উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানান। এছাড়া তিনি জনপ্রতিনিধি, সকল বিভাগীয় কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যানগণকে বার্ষিক উন্নয়ন কর্মসূচির কাজসহ অন্যান্য উন্নয়নমূলক কাজ যথাযথ সময়ে সম্পন্ন করার জন্য বাস্তব পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানান।

০৮। বিবিধ আলোচনা:

| ক্র: নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | মহান বিজয় দিবস/২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে সরকারি বরাদ্দ কম থাকায় উপজেলা রাজস্ব তহবিল হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উত্তোলনের জন্য সভায় আলোচনা করা হয়। | মহান বিজয় দিবস/২০২২ উদযাপন উপলক্ষ্যে সরকারি বরাদ্দ কম থাকায় উপজেলা রাজস্ব তহবিল হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উত্তোলনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা। |

চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১১/২২

(মোঃ খায়রুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং- ০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২২- ৯২৫

তারিখঃ ০৯ অগ্রহায়ন ১৪২৯ বাংলা
২৪ নভেম্বর ২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. মাননীয় সংসদ সদস্য, ১৫৯ নেত্রকোণা-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নেত্রকোণা।
০৫. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
০৬. উপজেলা ............................................................অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৭. চেয়ারম্যান ............................................................ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৮. জনাব ...........................................................................................

২৪/১১/২২

(মোঃ শাকিল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা
ফোন নং: ০৯৫২২-৭৪০০১